

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মদন,নেত্রকোনা।



স্মারক নং: ৩২.০১.৭২৫৬.০০০০.০০০.২০.০৪০.২২-৭২

তারিখঃ ০৭/১১/২০২২খ্রিঃ।

বিষয়: ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচীর আওতায় ১লা জানুয়ারী ২০২৩ থেকে ৩১ শে ডিসেম্বর ২০২৪ চক্রে ভিজিডি উপকারভোগী র অনলাইনে আবেদনপত্র সংগ্রহ করণ প্রসঙ্গে।

সূত্র:৩২.০১.০০০০.০০০৮.২৭.২০৯.২২.৮৩ তারিখ২৫/১০/২০২২।

উপর্যুক্ত বিষয়ের শ্রেণিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে,আপনার ইউনিয়নের ভালনারেবল উইমেন বেনেফিট(ভিডব্লিউবি) কর্মসূচীর আওতায় ১লা জানুয়ারী ২০২৩ থেকে ৩১ শে ডিসেম্বর ২০২৪ চক্রে ১৪/১১/২০২২ইং তারিখের মধ্যে ভিডব্লিউবি উপকারভোগীর আবেদন অনলাইনে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল। অন্যথায় আপনার ইউনিয়ন ভিডব্লিউবি সুবিধা থেকে বাতিল বলে গন্য হবে। উল্লেখ্য যে, আপনার ইউনিয়নের ভিডব্লিউবি উপকারভোগীর আবেদন ২০২১-২০২২ চক্রের কার্ডসংখ্যার দ্বিগুন অনলাইনে আবেদন সংগ্রহ করতে হবে।

২। যারা আবেদন করতে পারবেন:- বয়স ২০ থেকে ৫০ বছরের মধ্যে,আবেদন করার জন্য জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক, চলমান কোন সরকারী সুবিধা পায় নাই,২০১৭-২০১৮ অথবা ২০১৯-২০২০, ২০২১-২০২২ চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন না, দুঃস্থ, বিধবা, তালাকপ্রাপ্ত, অথবা স্বামী পরিত্যক্তা মহিলা যারা পরিবারে উপার্জনকারী সদস্য অথবা স্বামী/নিয়মিত কোন আয়ের উৎস নেই তাহারা অগ্রাধিকার পাবে,একটি পরিবার থেকে কেবলমাত্র একজন আবেদন করতে পারবেন। প্রতিটি ওয়ার্ডে কমপক্ষে ০৩(তিন) দিন মাইকিং করে জনসাধারণকে অবহিত করতে হবে।

৩। userid:www.dwavwb.gov.bd ব্যবহার করে,৩৩৩ নম্বরে কল করে, তথ্য আপা, সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের,মাধ্যমে বিনামূল্যে আবেদন জমা দিতে পারবেন।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ ১। ভিডব্লিউবি কর্মসূচীর ভালনারেবল উইমেন বেনেফিট কর্মসূচীর আওতায় পরিপত্রে কপি-১টি।


২। ওয়ার্ড কমিটি -১পাতা।

প্রাপক

চেয়ারম্যান,

.....ইউনিয়ন পরিষদ

মদন,নেত্রকোনা।


০৭/১১/২০২২

(তানজিনা শাহরীন)

উপজেলা নির্বাহী অফিসার

মদন,নেত্রকোনা।

অনুলিপিঃ সদয়ঃ জ্ঞাতার্থে:-

- ১। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর,নেত্রকোনা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মদন,নেত্রকোনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার,মদন,নেত্রকোনা।
- ৪। ভাইসচেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ,মদন,নেত্রকোনা।
- ৫। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা,মদন,নেত্রকোনা।
- ৫। অফিস কপি।

F:\DRIVE E\all destop file\vgd(2023-2024).docx